দৈনিক [illegible]

তারিখ ............
পৃষ্ঠা ... কলাম ...

৩০ 2002

# বকশীগঞ্জের ৬৪টি গ্রামে প্রাইমারী স্কুল নেই

বকশীগঞ্জ (জামালপুর) থেকে থেকে সংবাদদাতা ।। বকশীগঞ্জ উপজেলার ৬৪টি গ্রামে প্রাথমিক বিদ্যালয় না থাকায় প্রায় ১০ হাজার স্কুল গমন উপযোগী শিশু বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার আলো থেকে বঞ্চিত হচ্ছে। বকশীগঞ্জ উপজেলার ৭টি ইউনিয়নে গ্রামের সংখ্যা ১৯৯টি। তন্মধ্যে ৪৯টি গ্রামে ৪৯টি সরকারী প্রাথমিক বিদ্যালয়, ৪৯টি গ্রামে ৪৯টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, ৩১টি গ্রামে ৩১টি স্যাটেলাইট প্রাথমিক বিদ্যালয় ও ৬টি গ্রামে কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। উপজেলার ১৩৫টি গ্রামের ১৩৫টি প্রাথমিক বিদ্যালয়ে ৩২ হাজার ৯৮ জন ছাত্র-ছাত্রী লেখা-পড়া করছে। বকশীগঞ্জ উপজেলার চরাঞ্চলের আউয়ালপাড়া, মহিছানিরচর, পশ্চিম কালকীহারাসহ ৬৪টি গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নেই। ফলে বিদ্যালয়বিহীন ৬৪টি গ্রামে প্রায় ১০ হাজার শিশু শিক্ষার আলো থেকে বঞ্চিত হচ্ছে। বিদ্যালয়বিহীন ওইসব গ্রামের শিক্ষানুরাগী মানুষ প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ নিলেও নিষেধাজ্ঞা প্রত্যাহার না করায় বিদ্যালয় প্রতিষ্ঠা সম্ভব হচ্ছে না। এ ব্যাপারে বকশীগঞ্জ উপজেলার ভারপ্রাপ্ত শিক্ষা অফিসার আবদুর রফিক বলেন, সরকারী সিদ্ধান্তের বাইরে কোন কাজ করা সম্ভব নয়। তাই প্রাথমিক বিদ্যালয়বিহীন ৬৪টি গ্রামে বিদ্যালয় প্রতিষ্ঠার ইচ্ছা থাকলেও কোন উপায় নেই।